



Worksheet-7

Subject: Bengali

শ্রেণী পঞ্চম
পাঠ ~ বিশেষণ পদ ও অব্যয় পদ
প্রশ্ন পত্র

Date: 28-Nov-20

বহু বিকল্প ভিত্তিক প্রশ্নাবলী:

(১×১৫=১৫)

১/বিশেষণ পদের ধর্ম কি?

- (i) কোন কিছুকে বিশেষিত করা (ii) বিশেষভাবে পদের সঙ্গে যুক্ত হওয়া
(iii) বিশেষ আসন পাতার ব্যবস্থা করা (iv) কোনোটিই নয়।

২/যে পদ দ্বারা অন্য পদের গুণ ধর্ম প্রভৃতি বোঝায় তাকে বলা হয়—

- (i) বিশেষ্য পদ (ii) বিশেষণ পদ
(iii) অব্যয় পদ (iv) ক্রিয়াপদ।

৩/"স্মরণীয় তারা বরণীয় তারা"এটি কিরকম বিশেষণ এর উদাহরণ?

- (i) বিশেষ্য এর বিশেষণ (ii) বিশেষণ এর বিশেষণ
(iii) সর্বনাম এর বিশেষণ (iv) অব্যয় এর বিশেষণ

৪/বিশেষণ পদ সাধারণত—

- (i) বিশেষ্য পদের আগে বসে (ii) বিশেষ্য পদের পরে বসে
(iii) বিশেষ্য পদের সঙ্গে বসে (iv) উপরের কোনোটিই নয়

৫/"নীল আকাশ" বাক্যটিতে কোনটি বিশেষ্য ও কোনটি বিশেষণ পদ?

- (i) নীল বিশেষণ পদ আকাশ বিশেষ্য পদ
(ii) নীল বিশেষ্য পদ আকাশ বিশেষণ পদ
(iii) নীল ও আকাশ দুটি ই বিশেষণ পদ
(iv) নীল ও আকাশ দুটি ই বিশেষ্য পদ

৬/ক্রিয়া বিশেষণ গুলো সব সময় ক্রিয়ার_____ বসে।

- (i) মাঝখানে (ii) আগে
(iii) ওপরে (iv) নীচে

৭/"লাল গোলাপ" বাক্যটিতে কোনটি বিশেষ্য ও কোনটি বিশেষণ পদ?

- (i) লাল বিশেষণ পদ গোলাপ বিশেষ্য পদ
(ii) লাল বিশেষ্য পদ গোলাপ বিশেষণ পদ
(iii) লাল ও গোলাপ দুটি ই বিশেষণ পদ
(iv) লাল ও গোলাপ দুটি ই বিশেষ্য পদ

৮/ প্রদীপটি টিমটিম করে জ্বলছে। 'টিমটিম' কি রকমের অব্যয়?

- (i) মনোভাব বাচক অব্যয় (ii) অনুকার সূচক অব্যয়
(iii) ভাবসূচক অব্যয় (iv) সম্বোধনসূচক অব্যয়

৯/ "শাবাশ কি সুন্দর কাজ করেছে"। 'শাবাশ' কি ধরনের অব্যয়?

- (i) মনোভাব বাচক অব্যয় (ii) অনন্বয়ী অব্যয়
(iii) সম্বোধনসূচক অব্যয় (iv) বাক্যালংকার অব্যয়

১০/ যে পদের কোন ব্যয় বা পরিবর্তন নেই তাদের বলা হয়-

- (i) বিশেষ্য পদ (ii) বিশেষণ পদ
(iii) অব্যয় পদ (iv) ক্রিয়াপদ

১১/ পদান্বয়ী অব্যয় এর আরেক নাম হল

- (i) অলীক অব্যয় (ii) অনুসর্গ অব্যয়
(iii) অনন্বয়ী অব্যয় (iv) অনুকার অব্যয়

১২/ বাক্যান্বয়ী অব্যয়এর কাজ হল-

- (i) বাক্যের সৌন্দর্যের সৃষ্টি করা
(ii) বিভিন্ন বাক্য ও বাক্যাংশ কে যুক্ত করা
(iii) বাক্যকে অশুদ্ধ করে তোলা
(iv) কোনটাই নয়

১৩/ বাক্যালংকার অব্যয় এর কাজ হল-

- (i) বাক্যের সৌন্দর্যের সৃষ্টি করা
(ii) বিভিন্ন বাক্য ও বাক্যাংশকে যুক্ত করা
(iii) বাক্যকে অশুদ্ধ করে তোলা
(iv) কোনটাই নয়

১৪/ টিপটিপ করে বৃষ্টি পড়ছে বাক্যাটিতে অব্যয় পদ কোনগুলি?

- (i) টিপ টিপ
(ii) করে
(iii) বৃষ্টি
(iv) পড়ছে

১৫/ তুমি তো আজ এলেনা □ 'তো' শব্দটি ব্যবহার এর মধ্য দিয়ে কোন অব্যয় প্রকাশ করা হয়েছে?

- (i) পদান্বয়ী অব্যয়
(ii) অনন্বয়ী অব্যয়
(iii) অনুকার অব্যয়
(iv) বাক্যালংকার অব্যয়

Teacher's Name: Antara Ghosh